

সারাদেশ

সমুদ্রে গোসলে নেমে বাবা নিখোঁজ, ছেলে জীবিত উদ্ধার

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



পরিবারের সদস্যদের সঙ্গে কক্সবাজারে বেড়াতে গিয়ে সমুদ্রে একসঙ্গে গোসলে নামলে বাবা নিখোঁজ হয়েছেন। পরে ছেলেকে জীবিত উদ্ধার করা হয়।

শুক্রবার (২৪ জুলাই) বিকেলে কক্সবাজারের কলাতলী সৈকতের সায়মন বিচের দক্ষিণ পাশে মডার্ন হ্যাচারিসংলগ্ন সমুদ্র এলাকায় এ ঘটনা ঘটে।

নিখোঁজ বাবা হেলাল শেখ মেহেরপুরের পশু হাসপাতালপাড়া এলাকার বাসিন্দা ও তার ছেলে দীপ। এ ঘটনায় ছেলেকে জীবিত উদ্ধার করা সম্ভব হলেও তার বাবা এখনও নিখোঁজ রয়েছেন।

কক্সবাজার জেলা প্রশাসনের পর্যটন সেলের নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুর রহমান সায়েম জানান, খবর পাওয়ার পরপরই উদ্ধারকারী দল তৎপরতা চালিয়ে ছেলে দীপকে সমুদ্র থেকে জীবিত উদ্ধার করে। তবে নিখোঁজ হেলাল শেখের সন্ধানে জেলা প্রশাসন উদ্ধার অভিযান অব্যাহত

রেখেছে।

সৈকত কর্মীদের (বিচকর্মী) সুপারভাইজার মাহবুব আলম বলেন, দুর্ঘটনার খবর পেয়ে জেলা প্রশাসন ও বিচ ম্যানেজমেন্ট কমিটির নিয়ন্ত্রিত লাইফগার্ড ও উদ্ধারকর্মীরা সমন্বিতভাবে উদ্ধার অভিযান শুরু করেন। সন্ধ্যা পর্যন্ত সমুদ্রে তল্লাশি চালানো হয়েছে এবং অভিযান অব্যাহত রয়েছে।

এদিকে প্রিয়জনের এমন নিখোঁজের খবরে মেহেরপুরে হেলাল শেখের বাসভবনে ও স্বজনদের মধ্যে গভীর শোক ও উদ্বেগ-উৎকণ্ঠা বিরাজ করছে। তারা হেলাল শেখকে দ্রুত জীবিত বা সুস্থ অবস্থায় ফিরে পাওয়ার প্রহর গুনছেন।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/smudre-gosle-neme-baba-nikhonj-chhele-jibit-uddhar>